

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
নিরীক্ষা ও আইন অধিশাখা
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৬.১৮.০০১.১৪- ৬১৫

তারিখ : ০৭ আশ্বিন ১৪২১
২২ সেপ্টেম্বর ২০১৪

অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয়ের পত্র পাওয়া সত্ত্বেও প্রতিবেদনের আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে ব্রডশীট জবাব সময়মত দাখিল করছে না। কোন কোন প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্রডশীট জবাব দাখিল না করে সরাসরি শিক্ষা মন্ত্রণালয়ে দাখিল করে। অন্যদিকে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনও সময়মত পাওয়া যায় না। এমনকি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ব্রডশীট জবাব পাওয়ার পরও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মন্তব্যসহ মন্ত্রণালয়ে প্রেরণ দীর্ঘায়িত হচ্ছে।

০২। উল্লেখিত অবস্থার পরিপ্রেক্ষিতে, দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, উত্থাপিত আপত্তিসমূহের নিষ্পত্তি ত্বরান্বিত করা এবং প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা অধিকতর কার্যকরী করণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের গত ০৬/০১/২০১৩ তারিখে নং- ৩৭.০০.০০০০.০৬৬.১৬.০০৫.১২/০৯(১১) সংখ্যক স্মারকে জারিকৃত অফিস আদেশের অনুবৃত্তিক্রমে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে :

(ক) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন ও নিরীক্ষা/তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর প্রতিবেদনে বর্ণিত অনিয়ম/আপত্তির বিষয়ে নিম্নে প্রদত্ত 'ছক' মোতাবেক

(১) মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠানের প্রতিটি আপত্তির বিপরীতে প্রতিষ্ঠান প্রধানের বক্তব্য, সভাপতির মন্তব্য ও জেলা শিক্ষা অফিসারের মন্তব্যসহ ডিজি মাউশির মন্তব্যের জন্য প্রতিবেদন প্রাপ্তির ২১ (একুশ) কার্য দিবসের মধ্যে; এবং

(২) উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠানের প্রতিটি আপত্তির বিপরীতে প্রতিষ্ঠান প্রধানের বক্তব্য ও সভাপতির মন্তব্যসহ ডিজি মাউশির মন্তব্যের জন্য প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে মাউশিতে প্রেরণ পূর্বক প্রমাণকসহ প্রতিষ্ঠান প্রধান মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(খ) ব্রডশীট জবাবের অনুকূলে আইনানুগভাবে গ্রহণযোগ্য প্রমাণাদি উপযুক্ত কর্তৃপক্ষের সত্যায়নসহ এবং যে সকল ক্ষেত্রে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমার বিষয় আছে সেখানে একই সাথে ট্রেজারি চালানের পরীক্ষিত কপি (সিটিআর) ব্রডশীট জবাবের সাথে আবশ্যিকভাবে সংযোজন করতে হবে।


(গ) নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ ব্রডশীট জবাব পৌঁছানোর প্রমাণ পাওয়া না গেলে আনীত আপত্তিসমূহের বিষয়ে প্রতিষ্ঠান প্রধান/প্রতিষ্ঠানের কোন জবাব নেই মর্মে গণ্য করে প্রতিষ্ঠান প্রধান/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ব্রডশীট জবাবের "ছক"

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ.....
পরিদর্শনের তারিখ :

ক্রমিক নং	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের আপত্তি সমূহ	প্রতিষ্ঠান প্রধানের জবাব	সভাপতি/জেলা শিক্ষা অফিসারের মন্তব্য	মহাপরিচালকের মন্তব্য	মন্ত্রণালয়ের সিদ্ধান্ত	
১	২	৩	৪	৫	৬	৭


(রঞ্জিত কুমার সেন)
যুগ্ম-সচিব
ফোন : ৯৫৭৩৯৫৪

বিতরণ : কার্যার্থে/জ্ঞাতার্থে

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ / উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব(কলেজ/মাদ্রাসা ও কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (সকল আঞ্চলিক শিক্ষা অফিস, জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। যুগ্ম-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অফিস কপি।